

লেকচার শীট-১

শ্রেণি:পঞ্চম

বিষয়:বাংলা

অধ্যায়:মওলানা আবদুল হামিদ খান ভাসানী

গল্পটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানীর পরিচয়
- মওলানা ভাসানীর রাজনৈতিক জীবন
- মওলানা ভাসানীর বিভিন্ন আন্দোলন, ভাষণ ও সংগ্রাম
- মওলানা ভাসানীর বিভিন্ন অবদানের কথা

গল্পটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

মজলুম নেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানী চিরকাল সংগ্রাম করেছেন নিপীড়িত মানুষের জন্য। অল্প বয়সেই অনাথ হয়ে চাচার আশ্রয়ে থেকে মাদরাসায় পড়াশোনা করেন। কংগ্রেস নেতা চিন্তরঞ্জন দাশের আদর্শে অনুপ্রাণিত হয়ে রাজনীতিতে যুক্ত হন এবং অসহযোগ আন্দোলন যোগ দিয়ে কারারুদ্ধ হন। ১৯২৪ সালে সিরাজগঞ্জে কৃষকদের ওপর অবিচারের প্রতিবাদে ভাষণ দিয়ে দেশ ছাড়তে বাধ্য হন। এরপর তিনি আসামের ধূবড়ি জেলায় ভাসানচরে বাঙালি কৃষকদের ওপর অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে একটি ভাষণ দেন। ভারত বিভাগের পর দেশে এসে পাকিস্তান আওয়ার্দী লীগ প্রতিষ্ঠা করেন। এবং ৫২ সালের ভাষা আন্দোলনে যোগ দেন। তিনি অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠা করেন। ১৯৭৬ সালের ১২ই নভেম্বর তিনি মৃত্যুবরণ করেন।

*শিক্ষার্থীরা গল্পের (প্রথম অংশ) বাংলার কৃষক -মজুর-শ্রমিকের

.....

.....

..... তিনি আবার গ্রেফতার হন।

আমার বাংলা বই(১০৯পৃষ্ঠা ও ১১০পৃষ্ঠা)

পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

নির্যাতিত=অন্যায়ের শিকার ,নিপীড়িত।

নিপীড়িত=নিপীড়ন বা অত্যাচার করা হয়েছে এমন।

মজলুম=অত্যাচারিত, নির্যাতিত।

শৈশব=শিশুকাল

প্রতিবাদ=আপত্তি জানানো

সংগ্রাম=যুদ্ধ
 বিষ-নজর=খারাপ দৃষ্টি
 আন্দোলনে=বিক্ষোভে
 কারারংশ=জেলখানা বা কারাগারে আটক থাকা
 সমাবেশ=একত্রে অবস্থান

*পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :

১. আব্দুল হামিদ খান কোথায় এবং কোন পরিবারে জন্ম গ্রহণ করেন?
২. তিনি কত সালে জন্ম গ্রহণ করেন?
৩. তাঁর বাবা ও মায়ের নাম কী?
৪. মাদরাসার পড়া শেষ করে তিনি কোথায় শিক্ষকতা শুরু করেন?
৫. তিনি কত বছর বয়সে এবং কার আদর্শে অনুপ্রাণিত হন?
৬. অসহযোগ আন্দোলনে যোগ দেয়ার পর তাকে কী করা হয়?
৭. ভাসানী কবে সিরাজগঞ্জে ভাষণ দেন?
৮. এই ভাষণে কাদের কাহিনী তুলে ধরেন?
৯. ভাসানী কেন নিজের জন্মভূমি ছাড়তে বাধ্য হয়ে ছিলেন?
১০. ভাসানী সিরাজগঞ্জ থেকে কোথায় এবং কেন যান?
১১. কত সালে আসামের ধুবড়ি জেলায় প্রতিবাদী সমাবেশের আয়োজন করা হয়?
১২. প্রতিবাদী সমাবেশে ভাসানী কিসের বিরুদ্ধে প্রতিবাদ জানান?
১৩. কেন মওলানা আব্দুল হামিদের নাম ভাসানী হলো?
১৪. মওলানা ভাসানী কাদের নিয়ে কথা বলতেন?
১৫. কত সালে ভাসানী আসাম থেকে পূর্ববাংলায় আসেন?
১৬. কখন ভাসানী পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠা করেন?
১৭. পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের পরবর্তী নাম **কী?**
১৮. ১৯৫২ সালে ভাসানী কিসের বিরুদ্ধে প্রতিবাদ জানান?
১৯. কেন মওলানা আব্দুল হামিদের নাম ভাসানী হলো?
২০. মওলানা ভাসানী কাদের নিয়ে কথা বলতেন?
২১. ১৯৫২ সালে ভাসানী কেন গ্রেফতার হন?

*যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:

ব, র, ঘ, গ্র, শ্র, ক্ষ, ঝ, ঙ, স্ন, শ্ব, দ্ব

ওয়ার্ক বুকের (১৬৩ পৃষ্ঠার) সমার্থক শব্দ পড়বে: